



রূপশ্রী



নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

এই রাজ্যের যেসব মেয়ের পারিবারিক আয় বছরে দেড় লক্ষ টাকার কম, শুধুমাত্র তাদের প্রথমবার বিবাহের জন্য রূপশ্রী প্রকল্পের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা। প্রকল্পে আর্থিক সহায়তার পরিমাণ এককালীন ২৫,০০০ টাকা।

এই প্রকল্পের সুবিধা কারা পেতে পারেন

- ১) অন্তত ১৮ বছর বয়সী যে কোনও অবিবাহিতা মেয়ে প্রথমবার বিবাহের জন্য আবেদন করতে পারেন।
- ২) পাত্রের বয়স অন্তত ২১ বছর হতে হবে।
- ৩) আবেদনকারীর জন্ম এই রাজ্যে হতে হবে বা বিগত ৫ বছর যাবৎ পশ্চিমবঙ্গে বাস করতে হবে অথবা পিতা -মাতা পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হলে আবেদন করা যাবে।
- ৪) পারিবারিক আয় বছরে দেড় লক্ষ টাকার কম হতে হবে।
- ৫) আবেদনকারীর নিজের নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকবে যেখানে আই এফ এস কোড, এম আই সি আর কোড আছে।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) আধার কার্ড (আবশ্যিক);
- ২) উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত পারিবারিক আয় সংক্রান্ত স্বঘোষণা পত্র;
- ৩) আবেদনকারীর বয়সের প্রমাণ হিসাবে জন্মের শংসাপত্র/ ভোটার কার্ড/ প্যান কার্ড/ মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড/ সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় ছাড়ার শংসাপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি দিতে হবে;
- ৪) আবেদনকারী যে অবিবাহিত সে বিষয়ে স্বঘোষণাপত্র;
- ৫) আবেদনকারীর ও পাত্রের রঙিন পাসপোর্ট সাইজের ছবি;
- ৬) আবেদনকারীর ব্যাঙ্ক পাশবইয়ে আই এফ এস কোড, এম আই সি আর কোড সহ দরকারী তথ্য আছে সেই পৃষ্ঠার স্বপ্রত্যয়িত ফটোকপি;
- ৭) উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত বসবাসের প্রমাণ হিসাবে স্বঘোষণাপত্র জমা করতে হবে;
- ৮) বিয়ের নিমন্ত্রণ পত্র / ম্যারেজ রেজিস্ট্রেশন নোটিশ;
- ৯) পাত্রের বয়সের প্রমাণপত্র -জন্মের শংসাপত্র/ ভোটার কার্ড/ প্যান কার্ড/ মাধ্যমিকের অ্যাডমিট কার্ড/ আধার কার্ড/ সরকার অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় ছাড়ার শংসাপত্রে পাত্রের স্বাক্ষর করা ফটোকপি।

যোগাযোগ

স্থানীয় বিডিও অফিসে বা মহকুমাশাসকের অফিসে / পুর কমিশনারের অফিসে প্রস্তাবিত বিয়ের ৩০ থেকে ৬০ দিন আগে আবেদন করতে হবে।

পশ্চিমবঙ্গ সরকার